

আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র  
(জনপ্রশাসন মন্ত্রণালয়)  
১০, এস. এস. খালেদ রোড, চট্টগ্রাম।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders)  
অংশগ্রহণে আয়োজিত ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	: মনোয়ারা বেগম উপপরিচালক (উপসচিব)
সভার তারিখ	: ৩১/১০/২০২৩ খ্রি.
সভার সময়	: দুপুর ০২:১৫ ঘটিকা
স্থান	: অডিটোরিয়াম
উপস্থিতি	: সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট “ক”


সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি (সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার বিষয়ে) উপস্থাপনের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে আয়োজিত সভার সদস্য সচিব জনাব নূর-এ-জান্নাত রুমি, সহকারি পরিচালক (অর্থ ও প্রশাসন)-কে অনুরোধ জানানো হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্রমিক	স্টেক হোল্ডারদের মতামত	সিদ্ধান্ত বাস্তবায়ন
১.	জনাব সিকদার আতিকুর রহমান, ফরেস্টার, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রাম উত্তর বন বিভাগ, চট্টগ্রাম জানান, অত্র প্রশিক্ষণ কেন্দ্রের সার্বিক অবস্থা ভাল। তিনি কেন্দ্রের সকল কর্মকর্তা/কর্মচারীদের সহযোগিতার জন্য সন্তোষ প্রকাশ করেন।	এ কেন্দ্রের সার্বিক অবস্থা উন্নত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন।
২.	রনজিত কুমার নাথ, হিসাবরক্ষক, চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম কোর্সে অংশগ্রহণের জন্য অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর আরপিএটিসিতে পুনরায় ম্যানুয়াল রেজিস্ট্রেশন করার বিষয়টি উপস্থাপন করেন।	উপপরিচালক মহোদয় জানান, অনলাইনে অথবা ম্যানুয়াল যে কোন একটিতে কোর্সের রেজিস্ট্রেশন করলে হবে। তবে ভবিষ্যতে শুধু অনলাইন রেজিস্ট্রেশন চালু থাকবে।
৩.	মোহাম্মদ শামীম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, সাধারণ বীমা কর্পোরেশন, ১৩, শেখ মুজিব রোড, পাঠানটুলি, চৌমুহনী, চট্টগ্রাম, সেশনের ট্রেনিং ম্যাটেরিয়াল এর হার্ডকপি প্রদানের জন্য অনুরোধ করেন।	উপপরিচালক মহোদয় জানান পেপারলেস অফিস ব্যবস্থাপনার অংশ হিসেবে তথ্য প্রযুক্তি ব্যবহার পূর্বক সফটকপি প্রদান করা হয়।
৪.	শফিকুল ইসলাম ভূইয়া, কার্য সহকারী, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া, ডরমিটরীর রুমে রাতে বাহিরের আলো প্রবেশ করায় পর্দার ব্যবস্থা করার বিষয়ে উল্লেখ করেন।	উপপরিচালক মহোদয় ডরমিটরীতে জানালার পর্দা লাগানোর জন্য সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।
৫.	চৌধুরী মেজবাহ উদ্দিন মাহমুদ, থানা আনসার ও ভিডিপি প্রশিক্ষক, থানা আনসার ও ভিডিপি কার্যালয়, পাহাড়তলী, চট্টগ্রাম, শরীরচর্চার উপর সেশন রাখার বিষয়ে প্রস্তাব করেন।	পরবর্তী অর্থবছর কোর্স কারিকুলাম তৈরীর সময় বিষয়টি আলোচনা সাপেক্ষে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

*Begum*

৬.	ফারজানা নাছরিন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম, মহিলাদের জন্য নামাজ রুমের ব্যবস্থা করার জন্য বলেন।	উপপরিচালক মহোদয় জানান নবনির্মিত ১০ তলা ভবনে মহিলাদের জন্য নামাজ রুমের ব্যবস্থা করা হবে।
৭.	করুণাময়ী পাল, উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মহেশখালী, কক্সবাজার, চাকুরিতে তিনি নতুন নিয়োগ পেয়েছেন। কেন্দ্রে প্রশিক্ষণ ব্যবস্থা তার খুব ভালো লেগেছে। তিনি অন্য কোন প্রশিক্ষণ কোর্সে নিজ ইচ্ছায় কর্তৃপক্ষ অনুমতি ব্যতিত আসতে পারবেন কিনা এ বিষয়ে জানতে চেয়েছে।	উপপরিচালক মহোদয় জানান যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক মনোনিত হওয়া সাপেক্ষে অত্র কেন্দ্রের প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা যায়।
৮.	জনাব রফিকুল ইসলাম, আনসার সদস্য, রাত্রিকালীন ডিউটিতে চট্টগ্রাম সার্কিট হাউস থেকে রাত ১টা, ২টার সময় আরপিএটিসিতে স্টাফ পাঠানোর বিষয়ে উল্লেখ করেন এবং এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে তা জানতে চেয়েছেন।	আরপিএটিসি, চট্টগ্রামের চলমান প্রশিক্ষণার্থীদের রাত ১০টা মধ্যে গমন ও প্রস্থানের সিদ্ধান্ত রয়েছে তবে বিশেষ বিবেচনায় জেলে প্রশাসন, চট্টগ্রামের অনুরোধে গভীর রাতেও স্টাফ গমন ও প্রস্থানের সুযোগ দেয়া যায়।

পরিশেষে সবার সুস্বাস্থ্য কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
07.11.23

(মনোয়ারা বেগম)

উপপরিচালক (উপসচিব)

ফোনঃ ০২৩৩-৩৩৫৯৬৯১


ই-মেইলঃ [ddrpatcctg@gmail.com](mailto:ddrpatcctg@gmail.com)

স্মারক নং- ০৫.০১.১৫৪১.০৬২.৯৯.০০২.২২.১০২

তারিখঃ ২২ কার্তিক, ১৪৩০  
০৭ নভেম্বর, ২০২৩খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) এমডিএস (এমঅ্যান্ডডি), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ২) পরিচালক (প্রশাসন/এসটিঅ্যান্ডআরসি), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৩) উপপরিচালক (আরসি), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৪) সহকারী পরিচালক (প্রশিক্ষণ), আরপিএটিসি, চট্টগ্রাম।
- ৫) অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

  
07.11.23

(নূর-এ-জান্নাত রুমি)

সহকারী পরিচালক (অর্থ ও প্রশাসন)

ফোনঃ ০২৩৩-৩৩৬৩৯৪৪